গাংনীতে বিএনপির যৌথ কর্মী সভা

দেশ সংস্কারের নামে নির্বাচন বিলম্ব করা যাবেনা। চলতি বছরের ৫ আগ্স্টে জাতীয় নির্বাচন দিয়ে একটি গণতান্ত্রিক সরকারের হাতে দেশ পরিচালনার দায়িত্ব বুঝিয়ে দেয়ার দাবী করেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

গতকাল সোমবার দুপুরে উপজেলা বিএনপি ও পৌর বিএনপি আয়োজিত যৌথ কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন। এসময় তিনি বলেন, সৈরাচারী শেখ হাসিনা ভারতে পালিয়ে কাঁটাতারের বেড়া ধরে দাড়িয়ে আছেন এবং দেশে বিশৃঙ্খলা সৃস্টি করার তৎপরতা চালিয়ে যাচ্ছেন। ১৭ বছরের নির্যাতন সহ্য করা মানুষ একটু সস্তিতে কথা বলতে পারছেন স্বাধীনতার স্বাদ পাচ্ছেন। আমরা সে সুযোগ হাত ছাড়া করতে চাইনা। মেহেরপুরের বিএনপিকে আরও বেশি ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানিয়ে তিনি বলেন,২০১৮ সালের নির্বাচনে বাংলাদেশ সেনাবাহিনীকে তাদের সঠিক দায়িত্ব পালন করতে দেয়নি রক্ত পিপাসী শেখ হাসিনা। সে তার হাতের আঙ্গুলির হেলানিতে দেশে একত্ববাদ কায়েম করেছেন। দেশে কারও তোয়াক্কা করেনি। আগের সেই সেনাবাহিনী সৈরাচারী হাসিনা সরকারের পতনের সহযোগীতা করে দেশ উদ্ধার করে বিপদগ্রস্ত মানুষের আস্থা অর্জন করেছেন। হাজারও তরুনের রক্তের বিনিময়ে দেশের মানুষ যে সুযোগটুকু পেয়েছে তা হাতছাড়া হয়ে গেলে বিএনপি আবারও দশ বছর পিছিয়ে পড়বে।

তিনি আরও বলেন, আগস্টের পরে এক শ্রেনীর সুযোগ সন্ধানীরা লুটপাট চালিয়ে দলের মান ক্ষুণ্ণ করেছেন, দল তাদের চিহ্নিত করেছে। বিএনপি লুটপাট রাজনীতি বিশ্বাস করেনা। দলের মধ্যে অনুপ্রবেশ কারীদের দমাতে এবং দলে বিভেদ সৃস্টি কারীদের বিরুদ্ধে কঠোর সিদ্ধান্ত নেবে দেশ নায়ক তারেক রহমান। দলীয় শৃংখলা ভঙ্গ কারীদের বিরুদ্ধেও কেন্দ্র থেকে সিদ্ধান্ত এসেছে বলেও জানান তিনি। জাভেদ মাসুদ মিল্টন বলেন,শেখ মুজিবের পরিবার একটি সৈরাচারী পরিবার।

আন্তর্জাতিক মহলেও তাদের লুটপাটকারী পরিবার বলে চিহ্নিত হয়েছে।

গাংনী কেন্দ্রীয় ইদগাহ ময়দানে যৌথ কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদ। গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার শামসুল আলম সোনা, গাংনী পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইন্সু, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক গোলাম কাউছারসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

কর্মীসভায় বক্তারা বলেন, আগামীতে দেশকে ঢেলে সাজাতে দলীয় নেতাকর্মীদের ঐক্যমতের মাধ্যমে দলকে সুসংগঠিত করতে হবে। কর্মী সমাবেশে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ও কয়েক হাজার বিএনপিমনা মানুষ উপস্থিত হন।

গাংনীর মোহাম্মদপুর গ্রামে নবীনবরণ ও নবনির্মিত ভবন এর ভিত্তি প্রস্তর স্থাপন

বাংলাদেশ জাতীয়বাদী দল বিএনপির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সদস্য ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বলেন, এদেশে জাতীয়তাবাদি দল বিএনপি, জামায়াতসহ ছোট বড় অনেক দল রয়েছে। তাদের ভিন্ন ভিন্ন মত ও আলোচনা থাকতে পারে, কিন্তু বাংলাদেশের স্বাধীনতা, সর্বভৌমত্ব এবং জনগণের অধিকারের প্রশ্নে আমরা যেভাবে ঐক্যবদ্ধ হয়েছি, সেই ঐক্যকে কোনোভাবে বিনষ্ট হতে দেওয়া যাবেনা।

গতকাল সোমবার বিকালে মেহেরপুরের গাংনী উপজেলার মঠমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর ফার্স্ট চয়েজ মডার্ন স্কুল, হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা কর্তৃক আয়োজিত নবীনবরণ ও নবনির্মিত ভবন এর ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মোহাম্মদপুর ফার্স্ট চয়েজ মডার্ন স্কুল, হাফিজিয়া

মাদ্রাসা ও এতিমখানার চেয়ারম্যান রাশেদ গনির সভাপতিত্বে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও ২ (গাংনী) আসনের সাবেক এমপি মোঃ আমজাদ হোসেন, আল্লামা দেলোওয়ার হোসেন সাঈদী ফাউন্ডেশনের চেয়ারম্যান আলহাজ্ব শামীম সাঈদী, কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য রেজা আহমেদ বাচ্চু, বাংলাদেশ জাতীয়বাদী দল বিএনপির কেন্দ্রীয় কমিটির জনশক্তি উন্নয়ন বিষয়ক সহ-সম্পাদক অর্পনা রায় দাস প্রান্তি, কেন্দ্রীয় যুবদলের সাংগাঠনিক সম্পাদক ইছাহাক সরকার, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু। প্রধান অতিথির বক্তব্যে ইঞ্জিনিয়ার ইশরাক আরও বলেন, “বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়াকে খুনি হাসিনা সরকার অন্যায়ভাবে মিথ্যা মামলা দিয়ে কারাগারে প্রেরণ করেছিল। তাকে চিকিৎসা থেকে বঞ্ছিত করার ফলে তিনি শারীরিকভাবে শংকটাপন্ন হয়ে পড়েছিলেন।

বর্তমানে তিনি যুক্তরাজ্যে চিকিৎসাধীন রয়েছেন। তিনি সুস্থ্য হয়ে দেশে ফিরে আবারও বাংলাদেশকে নেতৃত্ব দিয়ে দেশকে গণতন্ত্রের পথে ফিরিয়ে আনবেন। তিনি বলেন, বাংলাদেশের প্রখ্যাত আলেম আল্লামা দেলোওয়ার হোসেন সাঈদীকে মিথ্যা অপবাদ ও মিথ্যা মামলা দিয়ে কারাগারে পাঠিয়ে চিকিৎসা বঞ্চিত করে হত্যা করা হয়েছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য বাবু গয়েস্বর চন্দ্র রায়কে পিটিয়ে রক্তাক্ত করা হয়েছে। খুনি হাসিনা ও আওয়ামী লীগ গণতন্ত্রে এবং জনগণের অধিকারকে বিশ্বাস করেনা। তারা আওয়ামীলীগের বাইরে যারা রয়েছে ,তাদেরকে মানুষ মনে করেনা, দাশ মনে করে, প্রজা মনে করে। তারা এই দেশটাকে তাদের বাবার সম্পত্তি মনে করে। তারা যা বলবে সেটাই মেনে নিতে হবে। এই দেশের অর্থ সম্পদ তাদের বাবার সম্পত্তি। সেটা যেভাবে ইচ্ছে ব্যবহার করবে, লুটপাট করে বিদেশে পাচার করবে। হাসিনার আমলের লুটপাট, জনগণের উপর অন্যায় অত্যাচার জুলুমের ফিরিস্তি তুলে ধরতে গেলে ঘন্টার পর ঘন্টা সময় লাগবে। তিনি বলেন, খুনি হাসিনার পরিবারের সদস্যদের এখন বিভিন্ন দেশে হাজার হাজার কোটি টাকার সম্পত্তি পাওয়া যাচ্ছে। এদেশে দূর্ণীতি করে সম্পত্তি লুটপাট করে নিয়ে গেছে। লুটপাটের সেই সম্পত্তি থাকলে আজ বাংলাদেশে হাজার হাজার প্রতিষ্ঠান গড়ে তোলা সম্ভব হতো। এদেশের গ্রামীণ জনপদ আজ পিছিয়ে পড়া জনপদ থাকতো না। বাংলাদেশের দারিদ্রতা, অর্থকষ্ট ও অভাব দুর করা যেতো। তিনি বলেন, বাংলাদেশের অর্থ

সম্পদ বাংলাদেশে ফিরিয়ে এনে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশ গড়তে চাই। এটাই আমাদের ওয়াদা এটাই আমাদের প্রতিশ্রুতি।

ইঞ্জিনিয়ার ইশরাক বলেন, ঐক্যের প্রতিক বেগম খালেদা জিয়া বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধার আন্দোলনে ঐক্যের প্রতীক হয়ে সকল দলমত, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলকে এক করার ক্ষেত্রে যে পথ রচনা করেছিলেন সেই ধারাবাহিকতায় জুলাই-আগষ্ট বিপ্লব হয়েছে। জুলাই আগষ্টের গণঅভ্যুথানের মাধ্যমে আমরা যে নতুন বাংলাদেশ গড়ার সুযোগ পেয়েছি, তরুণ প্রজন্মের একজন প্রতিনিধি হিসেবে বলবো, তারেক রহমান দেশ গড়ার যে ৩১ দফা কর্মসূচি দিয়েছেন, বিএনপির সেই কর্মসূচির মাধ্যমে বাংলাদেশকে এগিয়ে নিতে হবে। ইশরাক আরও বলেন, বিগত তিনটি নির্বাচনে খুনি হাসিনা সরকার, রাস্ট্রের মালিকানা জনগণের একটি করে ভোট, খুনি হাসিনা জনগণের সেই ভোটাধিকার কেড়ে নিয়েছিল। শুধু ভোটাধিকার কেড়ে নেইনি, জুলাই আগস্টে তারা একটি গণহত্যা চালিয়েছে। যেখানে অন্তসত্তা নারীদেরও গুলিবিদ্ধ করা হয়েছে। হেলিকপ্টার থেকে গুলি করে ৮ বছর বয়সি শিশুদেরও হত্যা করা হয়েছে। বাংলাদেশের মাটিতে এই খুনি হাসিনার দৃষ্টান্তমুলক বিচার ও সর্বোচ্চ শাস্তি হোক আমরা সেটা চাই।

খুনি হাসিনাকে বাংলাদেশে মাটিতে ফিরিয়ে এনে তাকে বিচার করে যথাযথ শাস্তি দিতে হবে। সেটি না হওয়া পর্যন্ত আমরা আমাদের আন্দোলন চালিয়ে যাবো। যারা রাজনীতি করি তারা রাজপথে থাকবো। তিনি বলেন, মুক্তিযুদ্ধের পর থেকেই আমাদের পার্শ্ববর্তি দেশ ভারত এদেশের উপর আগ্রাসন চালিয়ে আসছে। ভারত যে আগ্রাসন চালিয়ে আসছে সেই আগ্রাসন রুখে দেওয়ার জন্য বাংলাদেশের জনগণকে ঐক্যবদ্ধ থাকতে হবে। বিএনপি, জামায়াতসহ ছোট বড় অনেক দলের ভিন্ন ভিন্ন মত ও আলোচনা থাকতে পারে, কিন্তু বাংলাদেশের স্বাধীনতা, সর্বভৌমত্ব এবং জনগণের অধিকারের প্রশ্নে আমরা যেভাবে ঐক্যবদ্ধ হয়েছি, সেই ঐক্যকে কোনোভাবে বিনষ্ট হতে দেওয়া যাবেনা তিনি আরও বলেন, আমি রাজনীতি শুরু থেকেই সাধারণ জনগণের উপর খুনি হাসিনার অন্যায়, অত্যাচার, জুলমের প্রতিবাদ, প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করেছি।

কোনোদিন খুনি হাসিনা ও তার দোষরদের কাছে আত্মসম্পর্ণ করিনি। এসময় তিনি জুলাই আগষ্টের সংগঠিত গণহত্যায় শহিদদের আত্মার মাগফেরাত কামনা ও আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। পরে একটি মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সাংস্কৃতিক

অনুষ্ঠানটি পরিচালনা করেন বিশিষ্ট বক্তা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব কবির বিন সামাদ। অনুষ্ঠানে এলাকার হাজার হাজার নারী পুরুষ যোগদান করেন।

মুজিবনগরে আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫, উৎযাপনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অনুর্ধ ১৭ আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ উপজেলা চাম্পিয়ন গৌরব অর্জন করে। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, গৌরিনগর খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার বিকালে হাড্ডাহাড্ডি ফাইনাল খেলার মধ্যে দিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ১-০ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করেন। গতকাল সোমবার দিনব্যাপী খেলায় উপজেলার ৪ টি ইউনিয়নের খেলোয়ার অংশগ্রহন করেন। প্রথম রাউন্ডে একদিকে মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ অংশগ্রহন করেন।

৪০ মিনিটের খেলায় গোল শূন্য ড্র হওয়ায় ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। উক্ত ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ ফাইনালে উন্নতি হয়। অন্যদিকে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে পরাজিত করে বাগোয়ান ইউনিয়ন একাদশ ফাইনাল খেলার গৌরব অর্জন করে।

দুপুরের বিরতির পর বিকালে বাগোয়ান ইউনিয়ন একাদশ ও মোনাখালী ইউনিয়ন একাদশ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল,মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন,মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর

রহমানসহ উৎসুক জনতা খেলাটি উপভোগ করেন।

খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচনকৃত ২য় শ্রেনীর রেফারী সোহেল রানা। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।

মেহেরপুরে শহীদ তারিক সাইফুল ইসলামের শাহাদাত বার্ষিক পালন

শহীদ তারিক মোঃ সাইফুল ইসলামের ১১ তম শাহাদাত বার্ষিক উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

সোমবার (২০ জানুয়ারি) বিকেল চারটার দিকে পৌর কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। তারিক তাওহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমীর মাওলানা মোঃ তাজউদ্দিন খান।

পৌর আমীর সোহেল রানা ডলারের সঞ্চালনার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সেক্রেটারী ইকবাল হোসাইন, জেলা সমাজ কল্যাণ সেক্রেটারী মোহাম্মদ জারজিস হোসাইন, জেলা রাজনৈতিক সেক্রেটারী কাজী রুহুল আমীন, সদর উপজেলা আমীর মোঃ সোহেল রানা, উপজেলা সেক্রেটারী মোহাম্মদ জাব্বারুল ইসলাম, মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি আব্দুর রফউ মুকুল, মুজিবনগর উপজেলা আমীর মোঃ খান জাহান আলী, পৌর সেক্রেটারী মোঃ মনিরুল ইসলামসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

আলোচনার পরে প্রধান সড়ক সোনালী ব্যাংকের সামনে প্রধান কার্যালয় শহীদ তারিক ট্রাস্ট উদ্বোধন করা হয়।

মেহেরপুরে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা

“এসো দেশ বদলাই পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুরে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২০জানুয়ারি) সকাল ১০ টার দিকে জেলা প্রশাসকের ছাদ মঞ্চের এ কর্মশালা অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) তরিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন সিভিলে সার্জন ডা. মহীউদ্দীন আহমেদ।

জেলা প্রশাসন আয়োজিত কর্মশালায় জেলা প্রশাসনের সহকারি কমিশনার তানজিনা শারমিন দৃষ্টির সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর , অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়া আকরাম সাকাপি, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, পুলিশ সুপারের প্রতিনিধি পুলিশ পরিদর্শক বজলুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সংগঠক খন্দকার মুইজ উদ্দিন, সংগঠক আশিক রাব্বি প্রমূখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. গাজি রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা উপপরিচালক আশাদুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামী ফাউন্ডেশনে উপ পরিচালক এ জেএম সিরাজুম মূনির।

ছাত্র, তরুন, শিক্ষক, সাংবাদিক, ছাত্রনেতা, এনজিও প্রতিনিধি ও জনপ্রতিনিধির অংশগ্রহণে ৮ টি গ্রুপ অংশ নেয়। তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ কেমন হবে সে বিষয় প্রতিটি গ্রুপ তাদের আলাদা আলাদা মতামত তুলে ধরেন।

আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতা

তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আবদুল্লাহ আল আমিন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আরা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি আশিক রাব্বি।

বিতর্ক প্রতিযোগিতায় স্কুল পর্যায়ে “জনস্বাস্থ্য রক্ষায় স্বাস্থ্যসম্মত শৌচাগার হাত ধোয়ার চেয়ে অধিক গুরুত্বপূর্ণ” বিষয়ে প্রথম স্থান অধিকার করে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। কলেজ পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় মেহেরপুর মহিলা কলেজ কে হারিয়ে মেহেরপুর সরকারি কলেজ চ্যাম্পিয়ন হয়।

আবার মেহেরপুর বয়েজ স্কুল কে হারিয়ে মেহেরপুর গার্লস স্কুল চ্যাম্পিয়ন হয়। কলেজ পর্যায়ে “ডেঙ্গু মোকাবেলায় প্রাতিষ্ঠানিক উদ্যোগের চেয়ে ব্যক্তিগত সচেতনতা-ই অধিক গুরুত্বপূর্ণ” প্রথম স্থান অধিকার করে মেহেরপুর সরকারি কলেজ। পরে বিজয়ীদের মাঝে

পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী পালন

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়। আজ রবিবার রাতে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক এর সভাপতিত্বে জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম,জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সভাপতি আলমগীর খান ছাতু, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ কে খাইরুল বাশার, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা

আহম্মেদ, জেলা বিএনপি সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত আবু সালেহ মোহাম্মদ নাসিম। এ সময় অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের

সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের

সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ,পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জনি সহ বিএনপির অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী পালনে সমাবেশ

মুজিবনগর প্রতিনিধি বাংলাদেশের অপর নাম জিয়াউর রহমান এই প্রতিপাদ্যে আজ রবিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপির একাংশ আয়োজনে, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা (বীর উত্তম), শহীদ প্রেসিডেন্ট, জিয়াউর রহমানের ৮৯ তম জন্ম বার্ষিকী উপলক্ষে গণ মিছিল ও সমাবেশে প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন, তিনি বলেন ইদানিং শুনছি মুজিবনগর থানায় এপয়েন্টমেন্ট এসেছে থানার দালালি কে করবে।

এপয়েন্টমেন্ট দিয়েছেন যে নেতা তাকে বলি এই অ্যাপয়েন্টমেন্ট এভাবে দিতে যেয়েন না অমক দালালি করবে থানার তমুক দালালি করবে ইউনিয়নের আর আপনারা চাঁদাবাজি করে খাবেন আমরা তা হতে দেব না পুলিশ ভাইয়েরা জেনে রাখুন শুনে রাখুন যদি প্রয়োজন হয় সারা মুজিবনগর আমরা অচল করে দেব।

তিনি প্রশাসনকে উদ্দেশ্য করে বলেন জনগণের ভাষা বুঝবেন, জনগণের কথার বাইরে, জুলাই আগস্ট গণঅভ্যুত্থানের চেতনার বাইরে, রক্তাক্ত সংগ্রামের মধ্য দিয়ে আসা সরকারের কথার বাইরে পদক্ষেপ নিলে আমরা আপনাদের বাড়ি পর্যন্ত যেতে বাধ্য হব। তিনি আরো বলেন, ভয় পাওয়ার

কিছু নেই নেতৃত্ব দখল করে যারা থানার দালালি করবেন তারা নেতৃত্ব হারানোর ভয় পান।

আমরা ভয় পাইনা কারন আমরা সাধারণ মানুষের সব ধরনের অধিকার ফিরিয়ে দিয়ে রাষ্ট্রকে জনগণের হাতে তুলে দিতে আমরা বদ্ধপরিকর। গণতন্ত্র পুনরুদ্ধারের যে সংগ্রাম সেই সংগ্রাম যতক্ষণ না পর্যন্ত শেষ হবে ততক্ষণ পর্যন্ত আমরা রাজপথে আছি থাকবো।বিরাট জনসভা কে উদ্দেশ্য করে মাসুদ অরুন বলেন যত মানুষ যত সমর্থন সেখানেই ধানের শীষের জয় জয় গান। অনুষ্ঠানে সদ্য ঘোষিত জেলা বিএনপির আহবায়ক কমিটিকে সুযোগ সন্ধানী ও সুবিধাবাদী উল্লেখ করে এই অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্য রাখেন, সমাবেশের শুরুতে উপজেলার রামনগর খেলার মাঠ থেকে হাজার হাজার নেতাকর্মীর সমন্বয়ে মাসুদ অরুনের নেতৃত্বে বিশাল গণমিছিল কেদারগন্জ, বল্লভপুর, মানিকনগর এর প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কেদারগঞ্জ বাজারের সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে বিশাল গণ সমাবেশ অনুষ্ঠিত হয়। গণমিছিল ও সমাবেশে উপজেলা রসিকপুর গ্রামের প্রয়াত যুবনেতা

বানারুল ইসলামের স্ত্রী জাহানারা বেগম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপির (সাবেক) সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর ২ আসনের (গাংনী) সাবেক সংসদ সদস্য জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আমজাদ হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, সদর উপজেলা বিএনপির সভাপতি সাইফুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টো।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির। জেলা ছাত্রদলের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক তৌফিকুল ইসলাম মিঠুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত আহবায়ক ইমরান আলী, ছাত্রনেতা আরবাজ খান। গণমিছিল সমাবেশে মুজিবনগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদল এবং ছাত্রদলসহ বিএনপির

হাজার হাজার নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শহীদ জিয়াউর রহমানের জন্মবার্ষিকী পালন

মুজিবনগরে স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

রবিবার (১৯ জানুয়ারি) সকালে মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা বিএনপি’র প্রবিণ নেতা হাজী বদর উদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, মুজিবনগর উপজেলা শ্রমিক দলের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রায়হান কবির, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা আবু সাদী মাস্টার, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা সাবেক মেম্বার নজরুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপি নেতা রবিউল ইসলাম খান রবি, মোনাখালী ইউনিয়ন বিএনপি নেতা সুরুজ আলী খান, বাগোয়ান ইউনিয়ন বিএনপি সাবেক সাধারণ সম্পাদক আবুল কাশেম, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা আবুল কালাম আজাদ, ভবেরপাড়া বিএনপি নেতা রেজাউল করিম, মুজিবনগর উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হারুনর রশিদ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি সালাউদ্দিন আহমেদ প্রিন্স, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির নেতা ওয়াসিম আকরাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম

নাহিদ, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক আবু আহনাফ লিংকন প্রমুখ।

এছাড়াও এসময় মুজিবনগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদল, ছাত্রদলসহ বিপুল সংখ্যাক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ

গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলা দ্বিতীয় ধাপ ২০২৫ উদ্বোধনী করা হয়েছে। রবিবার সকাল দশটার দিকে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলা দ্বিতীয় ধাপ উদ্বোধনী করা হয়।

মেহেরপুর সদর উপজেলা আনসার ও ভিডিপির আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জেলা কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্ব) মোঃ শফিউল আযম।

এছাড়াও এ সময় মেহেরপুর সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোছাঃ ফেরদৌসী বানু, গোজীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম, সদর উপজেলা প্রশিক্ষণ মোঃ সাগর হোসেন, ভিডিপি দলনেত্রী মোছাঃ শ্রাবণী খাতুন, ভিডিপি সদস্য মোঃ মানিকসহ আনসার ও ভিডিপি সদস্যরা উপস্থিত ছিলেন।

গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন ২৬ জন মহিলা এবং ৩২ জন পুরুষ।